গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত মার্চ, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোকাব্বির হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ০৮ মার্চ ২০২২ |
| সভার সময় | বেলা : ১০.৪৫ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ করেন। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

| আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|
| **গত সভার (ফেব্রুয়ারি, ২০২২) কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** ফেব্রুয়ারি, ২০২২-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | ফেব্রুয়ারি, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা দৃঢ়ীকরণ করা হয়। |

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.২ | (ক) কোভিড-১৯ পরিস্থিতি : সভাকে জানানো হয়, গতকাল পর্যন্ত (০৭.০৩.২০২২ তারিখ) এ বিভাগ ও অধীন দপ্তরসমূহে করোনাভাইরাসে ১৬৩৮ (এসএসডি-৩৭+এফএসসিডি-৪৭৪+প্রিজন-৭৩৯+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৭) জন আক্রান্ত হয়েছেন। এ পর্যন্ত ১৬২৭ (৯৯.৩২%) (এসএসডি-৩৭+এফএসসিডি-৪৬৯+প্রিজন-৭৩৬+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৪) জন সুস্থ হয়েছেন। অপরদিকে ৮ (এফএসসিডি-৩+প্রিজন-৩+ডিএনসি-২) জন মৃত্যু বরণ করেছেন।<br>• সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি করোনাভাইরাসে আক্রান্ত হয়ে যেসকল কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করেছেন তাদের আত্মার শান্তি কামনা করেন। যারা এখনও অসুস্থ আছেন তাদের দ্রুত সুস্থতা কামনা করেন। | ১)সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯ ও ওমিক্রনের বিস্তার রোধে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনাবলি মেনে চলে তা নিশ্চিত করতে হবে।<br>২)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের যেসকল কর্মকর্তা/কর্মচারী টিকা/নেননি তাদেরকে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী টিকা (প্রযোজ্য ক্ষেত্রে বুস্টার ডোজ) গ্রহণে নির্দেশনা প্রদান করতে হবে। | **সংশ্লিষ্ট সকল কর্মকর্তা** |
| ২.৩ | <u>**(ক) মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০১৪: সিদ্ধান্ত:৮।**</u> **সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।**- বাংলাদেশ ও ব্রাজিল সরকারের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি বিষয়ক চুক্তিটি স্বাক্ষর কার্যক্রম সম্পাদনের জন্য ০২.১২.২০২১ তারিখে ব্রাজিলের মান্যবর রাষ্ট্রদূত বাংলাদেশের পাসপোর্ট অধিদপ্তর পরিদর্শন করে পাসপোর্ট ইস্যুকরণ, পাসপোর্ট যাচাই-বাছাই প্রক্রিয়ার স্বচ্ছতা প্রতিপালনসহ সামগ্রীক কার্যাবলি সম্পর্কে সম্যক ধারণা গ্রহণ করেন।<br>**-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১)বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)বহিরাগমন-২ শাখা** |

| | | |
|---|---|---|
| (খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪: **সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।**-সার্বিয়া বাংলাদেশের সাথে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের জন্য ০৫.১২.২০২১ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। **বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১)বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| (গ) ২৮ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত:১৪। **বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**—সভায় অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন) জানান, এ বিষয়ে তেমন কোন অগ্রগতি নেই-**বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১)বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| <u>(ঘ) ৩১ মে ২০২১/ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের</u> **সিদ্ধান্ত: ১৪। বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন করা হইল। ('Agreement between The Government of The People's Republic of Bangladesh and The Government of the Republic of Botswana on visa exemption for holders of Diplomatic and Official Passports') শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**-মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত খসড়া চুক্তিটি স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগ হতে ০৯.০৬.২০২১ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রদান করা হয়েছে। সভায় অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন) জানান, এ বিষয়ে তেমন কোন অগ্রগতি নেই।-**বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | ১)বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২)যে সব দেশের সাথে আমাদের কুটনৈতিক যোগাযোগ আছে সেসব দেশের মধ্যে কোন কোন দেশের সাথে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি করা যেতে পারে তার একটি তালিকা তৈরি করে পররাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৪)বাংলাদেশে ভিসা নিয়ে আসা বিদেশী নাগরিকদের ভিসার মেয়াদ উত্তীর্ণ হয়ে অতিরিক্ত সময়ে অবস্থানের জন্য বর্তমানে চলমান জরিমানার পরিমাণ বৃদ্ধি করতে একটি Concept পেপার প্রস্তুত করতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/ মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।** |
| **(ঙ)** মসবৈ-২২(১২)/২০২১, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১<br>**বিষয় :বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত:২০। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।**-অনুমোদিত খসড়া চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মালদ্বীপ সরকারের নিকট প্রেরণ করা হয়। পরবর্তীতে মালদ্বীপ সরকার উক্ত অনুমোদিত খসড়া চুক্তিতে আরো কিছু সংশোধনী প্রস্তাব প্রেরণ করে। উক্ত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের মতামত/অবস্থানের জন্য বিষয়টি অপেক্ষমান রয়েছে। | ১)বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/ মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।** |

| | | | |
|---|---|---|---|
| | **(চ)মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ :০১ ফেব্রুয়ারি ২০১৬**<br>**সিদ্ধান্ত:৮।মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**-লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬' ভেটিংপূর্বক এ বিভাগে অদ্যাবধি ফেরত পাওয়া যায়নি। বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিংআছে। | ১)লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | **সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| | **(ছ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬ ।**<br>**বিষয়ঃ জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন। মন্ত্রিসভার সিদ্ধান্ত-৮.৩:-এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে Jail Code সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**- The Prison's Act ও জেল কোড সংশোধনের বিষয়ে মাননীয় আইন মন্ত্রীর সভাপতিত্বে ১৭.০৮.২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিবের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির ১০.৯.২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রথম সভায় The Prison's Act ও Jail Code-এর সংশোধিত খসড়া প্রণয়নের লক্ষ্যে ২টি উপকমিটি গঠন করা হয়; গঠিত উপকমিটি কর্তৃক কারাগারকে সংশোধনাগারে পরিবর্তন করার উদ্দেশ্যে বর্তমানে Bangladesh Prison's and Correctional Services Act-2021 প্রণয়ন কাজ চলমান।<br><br>কারা অধিদপ্তর ১০টি অধ্যায়ে ১৫২টি ধারা সন্নিবেশিত করে বাংলা ভাষায় নতুন কারা আইনের খসড়া প্রণয়ন ও পর্যালোচনা কাজ শুরু করে; এসংক্রান্ত গঠিত উপকমিটির ১১টি সভা অনুষ্ঠিত হয় এবং সকল ধারা (১৫২টি ধারা) পর্যালোচনা করা হয়।বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট ২০২১ এর খসড়া মূল কমিটির নিকট চূড়ান্তভাবে উপস্থাপনের পূর্বে তিন কলামের একটি প্রতিবেদন (১.বিদ্যমান আইন, ২.পরিবর্তিত আইন, ৩.পরিবর্তনের কারণ) প্রস্তুত কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br><br>মূল কমিটির নিকট উপস্থাপনের পূর্বে প্রস্তুতকৃত খসড়ার উপর কারা কর্মকর্তাদের লিখিত মতামতের উপর ২১.০১.২০২১ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের পরামর্শ মোতাবেক প্রস্তুতকৃত খসড়ার বিষয়ে বিশেষজ্ঞ মতামত জনাব নাসরিন বেগম (অতিরিক্ত সচিব, অবসরপ্রাপ্ত) সদস্য (আইন) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন-এর নিকট হতে পাওয়া গেছে। কারা আইন প্রণয়ন শেষ হলে কারা বিধির খসড়া বাংলা ভাষায় প্রণয়ন কার্যক্রম শুরু করা হবে।<br>**৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।** | ১)Bangladesh Prison's and Correctional Services Act, ২০২১-এর খসড়া প্রণয়নের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | **আইজি প্রিজন/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি।** |
| | **(জ) মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯**<br>**সিদ্ধান্ত: ৯.৩।ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।** | ১)ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে বাংলায় প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে । | **সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।** |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | ই-টেন্ডারিং :<br>**ডিআইপি : ২০২১**-২০২২ অর্থবছরে ফেব্রুয়ারি, ২০২২ এ ৫টি পণ্য/সেবা ই-জিপিতে ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে। ৫টি মিশনে এমআরভি কার্যক্রম চালুকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় সংক্রান্ত, কম্পিউটার ওয়ার্ক স্টেশন, ২৪টি পোর্ট নেটওয়ার্ক সুইচ, ১২০ কেভি এ অনলাইন ইউপিএস ও ডিজাস্টার রিকোভারি সেন্টার, যশোর-এর জন্য অনলাইন ইউপিএস সংগ্রহ।<br><br>**ডিএনসি :** প্রকল্পের যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত ফেব্রুয়ারি, **২০২২**-এ ইজিপিতে ২টি টেন্ডার আহ্বান করা হয়েছে।<br><br>**এফএসসিডি :** পোষাক সামগ্রীর ৩টি টেন্ডার Re-Tender-করণসহ ৩ জানুয়ারি ২০২২ তারিখে উন্মুক্ত করা হয়েছে। গাড়ি পাম্পের খুচরা যন্ত্রাংশ ও সাধারণ মালামালের জন্য স্থানীয় উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়েছে, যা ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখে উন্মুক্তকরণের জন্য নির্ধারিত রয়েছে। | ১)বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br><br>২)পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br><br>৩)জরুরি পরিস্থিতি ব্যতিত সরাসরি ক্রয় (ডিপিএম) পদ্ধতিতে কোন প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস সংগ্রহ/ক্রয় করা যাবে না। | **অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-২)।** |
| ২.৫ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** সভাকে জানানো হয়, আগামী ২০২২-২৩ অর্থবছরের সকল সরকারি অফিসের এপিএ প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম যথাযথভাবে পরিচালনায় সহায়তা প্রদানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা' ২০২২-২৩ প্রকাশ করা হয়েছে। মন্ত্রিপরিষদ কর্তৃক প্রকাশিত নির্দেশিকায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়েছে:<br><br>আগামী অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) খসড়া ৩০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে এবং চূড়ান্ত খসড়া ৩০ মে ২০২২ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে;<br><br>জুলাই,২০২২-এর ১ম বা ২য় সপ্তাহে মন্ত্রণালয়/বিভাগের এপিএ চুক্তি স্বাক্ষর করতে হবে;<br><br>আওতাধীন দপ্তর/সংস্থার সাথে মন্ত্রণালয়/বিভাগের এপিএ চুক্তি ৩০ জুন ২০২২ এবং মাঠ পর্যায়ের এপিএ ২৫ জুন ২০২২-এর মধ্যে স্বাক্ষর করতে হবে;<br><br>এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের কাজটি যথাযথভাবে সমন্বয়ের জন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের প্রতিটি অফিসের কোন একটি নির্দিষ্ট শাখা/অধিশাখাকে দায়িত্ব প্রদান করতে হবে। এপিএ সংক্রান্ত সকল রেকর্ড উক্ত শাখা/অধিশাখায় সংরক্ষিত থাকবে। উক্ত শাখা/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এপিএ টিমের সদস্য হবেন;<br><br>এপিএ কার্যক্রমের আওতায় থাকা প্রতিটি অফিসে এপিএ টিম থাকবে।এপিএ টিমে প্রশাসন, পরিকল্পনা, উন্নয়ন, বাজেট ও আইসিটি সংশ্লিষ্ট কাজের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের অংশগ্রহণ থাকবে। এছাড়া সুশাসন ও সংস্কারমূলক অন্যান্য কর্মপরিকল্পনা বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের ও এপিএ টিমে অন্তর্ভুক্ত করা যাবে;<br><br>এপিএ টিম লিডার হিসেবে অফিসের একজন জ্যেষ্ঠ কর্মকর্তাকে নিযুক্ত করতে হবে। যিনি এপিএ টিমের সভায় সভাপতিত্ব করবেন এবং এপিএ'র অগ্রগতি বিষয়ে অফিস প্রধানকে অবহিত করবেন;<br><br>এপিএ টিমের সদস্যদের মধ্যে বাজেট শাখার কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসেবে নিযুক্ত করতে হবে, এপিএ টিম প্রতি দুই মাসে অন্তত একবার সভায় মিলিত হবে। | ১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে এবং কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের অসুবিধা পরিলক্ষিত হলে তা নিরসনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২)২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে কি কি বিষয় অর্ন্তভুক্ত করা হবে তা অনতিবিলম্বে এপিএর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলাপ করে এপিএ'র খসড়া প্রণয়ন করতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |

**২.৬** জনবল :

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | অনুমোদিত পদ | কর্মরত | শূন্যপদ |
|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ২৭৭ | ২০৬ | ৭১ |
| ২ | ডিএনসি | ৩০৫৯ | ১৮১৫ | ১,২৪৪ |
| ৩ | এফএসসিডি | ১৩,৬১০ | ১২,২৩৯ | ১,৩৭১ |
| ৪ | প্রিজন | ১২,১৭৮ | ১০,৪৮৭ | ১,৬৯১ |
| ৫ | ডিআইপি | ১,১৮৪ | ১,১৪৫ | ৩৯ |
| | মোট = | **৩০,৩০৮** | **২৫,৮৯২** | **৪,৪১৬** |

১)অধিদপ্তরসমূহের সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে;

২)যে সকল অধিদপ্তরে পদোন্নতিযোগ্য পদ খালি আছে তা পূরণের যথাযথ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।

**অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং প্রধান/উপসচিব**

**২.৭** অডিট:

| সংস্থা | মোট আপত্তি | জড়িত টাকার পরিমাণ | জবাব প্রদান | নিষ্পত্তি | অবশিষ্ট আপত্তি | অবশিষ্ট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| **এসএসডি** | ৬ | ৬৫,১১,৫২৯ | ০ | ০ | ৬ | ৬৫,১১,৫২৯ |
| **ডিআইপি** | ৯১ | ২৮১২,৯৫,৮১,৭০৩ | ৪৭ | ২৩ | ৬৮ | ২৮০৪,৪৯,৮০,৮৮৯ |
| **ডিএনসি** | ১৪ | ৭৩১,৪৫,০৬,৬৭৯ | ১৪ | ০ | ১৪ | ৭৩১,৪৫,০৬,৬৭৯ |
| **প্রিজন** | ৪৩৭ | ১৫১,৪৩,৫৪,৫২৬ | ৪৩৭ | ২২০ | ২১৭ | ৬০,৯১,২৯,৮৯০ |
| **এফএসসিডি** | ৪২ | ১৭৯,৩৬,১৬,৫৭২ | ২৫ | ১ | ৪১ | ৭৬,৭০,৪৮,৫৭২ |

**সিদ্ধান্তসমূহ:**

১)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিত অডিট আপত্তিটি এনবিআর-এর সাথে বৈঠক করে দ্রুত নিস্পত্তি করতে হবে, ভবিষ্যতে যেন অনুরূপ আপত্তি উত্থাপিত না হয় সেজন্য এনবিআর-এর পরামর্শ অনুসরণ করতে হবে, অধিকন্তু, ফিনিশড প্রোডাক্ট-এ ভ্যাট আরোপ বিষয়ে এনবিআর যেরুপ সিদ্ধান্ত দিবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে তার অধিক্ষেত্রে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২)যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব আবশ্যিকভাবে এক মাসের মধ্যে প্রদান করতে হবে;

৩)সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রুপান্তরিত না হয় সে জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪)অগ্রিম অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য জরুরিভিত্তিতে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভার আয়োজন করতে হবে।

**সংশ্লিষ্ট অনুবিভাগ /অধিদপ্তর প্রধান(সকল)/ উপসচিব (বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা।**

**২.৮** **পেনশন:**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:** আদালতে মামলা থাকার কারণে বর্তমানে ৩টি পেনশন কেস অনিষ্পন্ন আছে।

**কারা অধিদপ্তর:** বরগুনা জেলা কারাগারের জেলার মরহুম মাসুদ পারভেজ মঈন-এর লাম্প গ্র্যান্ট মঞ্জুরির বিষয়ে ১ম স্ত্রী মোছা: শিল্পি মাসুদ কর্তৃক উত্তরাধিকারীগণের মধ্যেলাম্পগ্রান্ট বাবদ অর্থ বন্টনের বিষয়ে দায়েরকৃত মামলা থাকায় ১টি পেনশন কেস অনিষ্পন্ন আছে।

১)এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।

**সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/ সংশ্লিষ্ট অনুবিভাগ।**

| | | | |
|---|---|---|---|
| ২.৯ | **পরিদর্শন :** বিবেচ্য মাসে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে ৩ জন কর্মকর্তা ১০টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে ১ জন কর্মকর্তা ১টি, কারা অধিদপ্তর হতে ১ জন কর্মকর্তা ২টি স্থাপনা/প্রকল্প পরিদর্শন করেছেন। | ১)প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২)গুণগত মান বজায় রেখে বিনির্দেশ মোতাবেক প্রকল্প কার্যক্রম সম্পাদন করা হচেছ কিনা তা যাচাই করতে হবে।<br><br>৩)প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি এবং এপিএ'র সূচক মোতাবেক লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় করণীয় সম্পর্কে বাস্তবসম্মত পরামর্শসহ পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br><br>**৪)এখন হতে ফায়ার স্টেশন/কোন স্থাপনা নির্মাণের জন্য প্রকল্প গ্রহণের আগেই প্রয়োজনীয় পরিমাণ জমির অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করে প্রত্যাশিত জমি প্রাপ্তির পর পরই প্রকল্প নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।** | **অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।** |
| ২.১০ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদিঃ** সভাকে জানানো হয় অনিষ্পন্ন বিষয়টি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে। | ১)এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।** |

২.১১ **প্রশিক্ষণ (ফেব্রুয়ারি, ২০২২):**

| মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তরের নাম | কর্মকর্তা-কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ৯ম ও গ্রেড তদূর্দ্ধ | ৩৩ | ৪৪ |
| | ১০ম গ্রেড | ৩০ | ৩৪ |
| | ১১-১৬ গ্রেড | ৫১ | ৩৬ |
| | ১৭-২০ গ্রেড | ৩৫ | ৩০ |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ৯ম ও গ্রেড তদূর্দ্ধ | ২৭ | ৪২ |
| | ১০ম গ্রেড | ৬ | ৩৬ |
| | ১১-১৬ গ্রেড | ১৪৩ | ১৮ |
| | ১৭-২০ গ্রেড | ১৬ | ৬ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৯ম ও গ্রেড তদূর্দ্ধ | ১১৭ | ৯৫ |
| | ১০ম গ্রেড | ১৫৯ | ৩৫ |
| | ১১-১৬ গ্রেড | ১৪৪৫ | ৪৩ |
| | ১৭-২০ গ্রেড | ১০০ | ২২ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৯ম ও গ্রেড তদূর্দ্ধ | ৩৮ | ৪৫ |
| | ১০ম গ্রেড | ৬৬ | ৬ |
| | ১১-১৬ গ্রেড | ৩,৭৪২ | ৪৯ |
| | ১৭-২০ গ্রেড | ৭,৭৯৩ | ৪৮ |
| কারা অধিদপ্তর | ৯ম ও গ্রেড তদূর্দ্ধ | ১২৭ | ৩৫ |
| | ১০ম গ্রেড | ১৫২ | ৩৫ |
| | ১১-১৬ গ্রেড | ৩৪৩ (সিভিল) | ৩৫ |
| | ১১-১৬ গ্রেড | ৮৩২৯(ইউনিফর্ম) | ৩৫ |
| | ১৭-২০ গ্রেড | ২০ | ৩৩ |

১)জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।

২)সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা রুজুকরণ এবং তদন্ত কার্যক্রম পরিচালনা বিষয়ে এ বিভাগ ও অধীন দপ্তরসমূহের কর্মচারীগণকে আরো ভালোভাবে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩) পরিকল্পনা কমিশনে অনুষ্ঠেয় এ বিভাগ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য দপ্তর/সংস্থা হতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা মনোনয়ন দিতে হবে।

**অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

<table>
<tr>
<td>২.১২</td>
<td>ওয়েবসাইট হালনাগাদকরণ :
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>বিবেচ্যমাসে আপলোডকৃত বিষয়/তথ্য</th><th>বিবেচ্যমাসে আপগ্রেডকৃত বিষয়/তথ্য</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>● প্রজ্ঞাপন ১টি<br>● অফিস আদেশ ৮টি<br>● নোটিশ ১টি<br>● এনওসি: কর্মচারী ১টি<br>● ই-দরপত্র ১টি</td><td>০০</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>● এনওসি/জিও-০১, নোটিশ/অফিস আদেশ-৫১টি, ছবি আপলোড-১২টি। প্রিকারসর কেমিক্যালস্ এর এনওসি-২৮টি, সভার কার্যবিবরণী-০৫টি</td><td>০০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>● নোটিশ- ৯টি<br>● এনওসি- ৬টি<br>● অফিস অর্ডার- ১৭টি<br>● বহি: বাংলাদেশ ছুটি- ৩টি</td><td>০০</td></tr>
<tr><td>প্রিজন</td><td>● নোটিশ বোর্ড- ৪টি<br>● সার্কুলার- ৫টি<br>● পোস্টিং অর্ডার/জিও- ৪টি<br>● এনওসি- ৮ টি<br>● অফিস আদেশ- ৬টি<br>● বহিঃ বাংলাদেশ ছুটি- ৩টি<br>● খবর-১টি<br>● টেন্ডার- ৩টি</td><td>০০</td></tr>
</table>
</td>
<td>১)জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে প্রতিমাসের ১ম ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে আপলোড/আপডেট করতে হবে;<br><br>২)এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে আপলোডকৃত তথ্য/ওয়েববেজড সার্ভিসসমূহ আপডেটেড আছে কি-না তা নিয়মিত যাচাইকরণ ও চালু রাখার বিষয়টি তদারকি করার জন্যে অধীন দপ্তর/সংস্থা হতে কমপক্ষে পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)।</td>
</tr>
<tr>
<td>২.১৩</td>
<td>ই-ফাইলিং: অনুসরণ করা হচ্ছে। সভাকে জানানো হয়, কোন দপ্তর/সংস্থা হতে ই-নথিতে প্রেরিত চিঠি-পত্রসমূহ যেন পুনরায় হার্ড কপিতে প্রেরণ না করা হয় তা পত্রের মাধ্যমে জানানো হয়েছে।</td>
<td>১)এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে নিস্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২)অধিদপ্তর/সংস্থা থেকে ই-নথিতে চিঠি-পত্র প্রেরণের পর পুনরায় একই বিষয়ে হার্ড কপিতে যেন প্রেরণ করা না হয় তা নিশ্চিত করতে হবে। একই সাথে কোন ই-নথির কোন নোটশিট যেন প্রিন্ট করা না হয় তা নিশ্চিত করতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১)।</td>
</tr>
<tr>
<td>২.১৪</td>
<td>ইনোভেশন ও উত্তম চর্চা :<br><br>সুরক্ষা সেবা বিভাগ : নতুন উদ্ভাবনী ধারণা:অনলাইন সিকিউরিটি ক্লিয়ারেন্স সিস্টেম।<br><br>সেবা সহজিকৃত:সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে কোটাভুক্ত বাসা (শুধুA, B, Cটাইপ) বরাদ্দের কার্যক্রম সহজিকরণ।<br><br>সেবা ডিজিটাইজকৃত:<br><br>১.বিনা ভিসায় আগতদের আগমনী ভিসা (Visa on Arrival) প্রাপ্তির আবেদন;<br><br>-www.mygov.bd/service/?id=BDGS-1630773192)।<br><br>২.দ্বৈত নাগরিকত্ব সনদপত্র প্রাপ্তির আবেদন: (www.mygov.bd/service/?id=BDGS-1638954584)।<br><br>৩.বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ অনুমতির আবেদন-(www.mygov.bd/service/?id=BDGS-1639026018)</td>
<td>১)মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে চলতি বছরের ইনোভেশন কার্যক্রম শতভাগ বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br><br>২)বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে মনিটর করতে হবে;</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও চিফ ইনোভেশন কর্মকর্তা।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:**<br>**নতুন উদ্ভাবনী ধারণা:** ‘ফায়ার সেফটি ম্যানেজার কোর্স’ এবং‘ফায়ার সাইন্স ও অকুপেশনাল কোর্স’-এর সনদে QR Code সংযোজন করতঃ অনলাইনে প্রদান:<br>**সেবা সহজিকৃত:**স্টেশন হতে প্রেরিত মাসিক প্রতিবেদনসমূহ সহজিকরণ<br>সেবা ডিজিটাইজকৃত: অনলাইন স্টোর ম্যানেজমেন্ট<br>**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর: নতুন উদ্ভাবনী ধারণা:**পাসপোর্ট তথ্য সহায়িকা অ্যাপস (এন্ড্রয়েড)<br>**সেবা সহজিকৃত:**তথ্য সেবায় কিয়স্কের ব্যবহার;<br>**সেবা ডিজিটাইজকৃত:**পার্সোনালাইজেশন রিপোর্টিং সফটওয়্যার;<br>**কারাঅধিদপ্তর: নতুন উদ্ভাবনী ধারণা:** সাজাপ্রাপ্ত বন্দিদের মুক্তির তারিখ নির্ধারণী অ্যাপস (পিডিআর ক্যালকুলেটর/বন্দি ক্যালকুলেটর) সেবা সহজিকৃত: বন্দিদের স্বজন-এর সাথে অডিও ভিডিও কল-এর মাধ্যমে যোগাযোগের ব্যবস্থা।<br>সেবা ডিজিটাইজকৃত:বন্দির বর্তমান অবস্থা সম্পর্কিত তথ্য অনলাইনে প্রদান (MyGov Platform)।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:**<br>**নতুন উদ্ভাবনী ধারণা:** পারফরমেন্স বক্স/ড্রাগ মিউজিয়াম;<br>**সেবা সহজিকৃত:** মাদকবিরোধী কার্যক্রমে নিয়োজিত বেসরকারি সংস্থার নিবন্ধন প্রদান।<br>**সেবা ডিজিটাইজকৃত:** বিলাতি মদের ব্র্যান্ড রেজিস্ট্রেশন (MyGov Platform)। | | | |
| ২.১৫ | **ভিডিও কনফারেন্সিং :** | | ১)মাঠ পর্যায়ের দপ্তরের সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>২)সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক আয়োজিত ভিডিও কনফারেন্সর যাবতীয় তথ্য (ভিডিও কনফারেন্স’র বিষয়, তারিখ ও সময়, সংশ্লিষ্ট দপ্তর সংস্থা) এ বিভাগের প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে। | **অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |

| **বিভাগ/অধিদপ্তর** | **ভিডিও কনফারেন্সর সংখ্যা** |
|---|---|
| **এসএসডি** | **১৩টি** |
| **ডিএনসি** | **১টি** |
| **ডিআইপি** | **৪টি** |
| **এফএসসিডি** | **৫০টি** |
| **প্রিজন** | **৪টি** |
| **সর্বমোট** | **১৩টি** |

<table>
<tr>
<td>২.১৬</td>
<td>সুরক্ষা সেবা বিভাগ ও অধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :
<table>
<tr><th>দপ্তর/সংস্থা</th><th>এসএসডি+ অধিদপ্তরসমূহের ১ম শ্রেণির কর্মকর্তাগণের বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলা</th><th>এসএসডি+ অধিদপ্তরসমূহের ১ম শ্রেণির কর্মকর্তাগণের বিরুদ্ধে আপিল মামলা</th><th>অধিদপ্তরসমূহের কর্মকর্তা /কর্মচারীগণের বিরুদ্ধে চলমান বিভাগীয় মামলা</th><th>অধিদপ্তরসমূহের কর্মকর্তা /কর্মচারীগণের বিরুদ্ধে আপিল মামলা</th></tr>
<tr><td>এসএসডি</td><td>৬</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৩</td><td>১</td><td>১৭</td><td>০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৪</td><td>১</td><td>৯২</td><td>২</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৩</td><td>১</td><td>৩৪</td><td>২</td></tr>
<tr><td>কারা</td><td>৭</td><td>২</td><td>৫১৫</td><td>০</td></tr>
<tr><td>মোট</td><td>২৩</td><td>৫</td><td>৬৫৮</td><td>৪</td></tr>
</table>
</td>
<td>১)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক অধিদপ্তরে নিয়োগকৃত আইন কর্মকর্তার সাথে প্রতিমাসে সভা করতে হবে এবং চলমান মামলাসমূহের অগ্রগতি ও কার্যবিবরণীসহ মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে<br><br>২)মন্ত্রণালয়/অধিদপ্তরের বিভাগীয় মামলাসমূহের তদন্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং চলমান বিভাগীয় পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে, বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ যেন তদবিরের অভাবে মামলার মেরিট নষ্ট না হয় সেদিকে নজরদারি বৃদ্ধিসহ নিবিড়ভাবে মনিটরিং অব্যাহত রাখতে হবে;</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ/ প্রোগ্রামার।</td>
</tr>
<tr>
<td>২.১৭</td>
<td>বিবিধ</td>
<td>১)ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-এর হটলাইন নম্বর-‘১৬৩’ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।<br><br>২) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে সার্টিফিকেট প্রদানের সময় ‘কিউ আর’ কোড ব্যবস্থা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৩)এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় কর্মরত সন্দেহভাজন কর্মচারীগণের মধ্যে দৈবচয়ন পদ্ধতিতে ডোপ টেস্ট কার্যক্রম চালু করতে হবে।</td>
<td>মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান, সুরক্ষা সেবা বিভাগ।</td>
</tr>
</table>

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকারভিত্তিতে অত্যন্ত দ্রুততার সাথে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের অধীন কর্মকর্তা-কর্মচারিগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোকাব্বির হোসেন

সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.০১৪.০৬.০০২.১৭.৯৭

তারিখ: ১ চৈত্র ১৪২৮
১৫ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবদুল কাদির
উপসচিব